

“মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, সিউল-এর উদ্যোগে আজ ১৮ ডিসেম্বর ২০২২ তারিখ (রবিবার) ‘থাব ভালো, রাখব ভালো দেশ, বৈধ পথে প্রবাসী আয়- গড়ব বাংলাদেশ’ প্রতিপাদ্যে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২২ পালিত হয়। এ উপলক্ষ্যে ছয়টি (০৬) ক্যাটাগরিতে মোট ছাব্বিশ (২৬) জন বাংলাদেশী ইপিএস কর্মীকে এবং অধিক সংখ্যক বাংলাদেশী ইপিএস কর্মী নিয়োগের জন্য দশ (১০) জন কোরিয়ান নিয়োগকর্তাকে সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠানে সম্মাননা প্রাপ্তদের ফ্রেস্ট ও সনদপত্র করা হয়।

০২. অনুষ্ঠানের প্রারম্ভে আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২২ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণীসমূহ পাঠ করে শোনানো হয়। এরপর কাউন্সেলর (শ্রম) মিজ মকিমা বেগম তাঁর স্বাগত বক্তব্যে বাংলাদেশের অর্থনীতির পাশাপাশি দক্ষিণ কোরিয়ার অর্থনীতিতে বাংলাদেশী প্রবাসী শ্রমিকদের অবদানের কথা উল্লেখ করে তাদের প্রশংসা করেন এবং পুরস্কারের জন্য মনোনীতদের অভিনন্দন জানান।

০৩. মান্যবর রাষ্ট্রদূত জনাব দেলওয়ার হোসেন তাঁর বক্তব্যে আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২২ উপলক্ষ্যে দক্ষিণ কোরিয়ায় অবস্থানরত সকল বাংলাদেশী ইপিএস কর্মীকে অভিনন্দন জানান এবং বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে তাঁদের অবদানের কথা গুরুত্বের সাথে তুলে ধরেন। তিনি দক্ষিণ কোরিয়ায় কর্মরত বাংলাদেশী ইপিএস কর্মীদের কর্মনিষ্ঠা, আনুগত্য এবং দক্ষতার প্রশংসা করেন। তিনি বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি ও অভিবাসী কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণার্থে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সরকারের উদ্যোগসমূহ তুলে ধরেন। তিনি দক্ষিণ কোরিয়ায় বাংলাদেশের শ্রমবাজার সম্প্রসারণে দূতাবাসের পরিকল্পনাসমূহও তুলে ধরেন। বৈধ পথে দেশে রেমিট্যান্স প্রেরণের ওপর গুরুত্ব আরোপ করে তিনি কর্মীদের আনুগত্য ও পরিশ্রমের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি সমুন্নত রাখা এবং যেকোন সমস্যায় দূতাবাসে যোগাযোগ করার পরামর্শ দেন। সম্মাননা প্রাপ্ত ইপিএস কর্মীদের তাঁদের অর্জনের জন্য অভিনন্দন জানিয়ে মান্যবর রাষ্ট্রদূত মনোনীতদের মধ্যে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন।

০৪. অনুষ্ঠানের শেষ পর্যায়ে ছিলো সম্মাননাপ্রাপ্ত ইপিএস কর্মীগণ মান্যবর রাষ্ট্রদূত মহোদয়ের সাথে ফটো সেশনে অংশগ্রহণ করেন।

সিউল, ২২ ডিসেম্বর ২০২২।

